প্রস,
সংশ্লিষ্ট বিভাগগুলোকে
অবহিত করুন।
13/10/2025

# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৩১/২০২৪/১০৩৩৩ তারিখ ঃ ১২/১০/২০২৫ খ্রিঃ

অধ্যক্ষ সরকারি সাঁথিয়া কলেজ, সাঁথিয়া, পাবনা।

## ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, মুদ্রণ ও পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষা Examination Management System (EMS) Software-এর মাধ্যমে আগামী ২২/১০/২০২৫ তারিখ হতে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ১৩/১০/২০২৫ তারিখ বিকাল ০৪:০০ টায় প্রকাশ করা হবে, সংশ্লিষ্ট সকল কলেজ কর্তৃপক্ষকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর প্রদান করে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করতে হবে। প্রবেশপত্র বিতরণের সময় অবশ্যই প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে এবং রেজিঃ ও রোল নম্বর সঠিক আছে কিনা যাচাই করে প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নিতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হয় তাহলে ২০/১০/২০২৫ তারিখের মধ্যে অধ্যক্ষের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করে সংশোধন করে নিতে হবে।

বিদ্রঃ রোল বিবরণী ও হাজিরা সীট **Examination Management System (EMS) Software**-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করার লিংকঃ

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে http://ems.nu.ac.bd/ টাইপ করে Examination Management System (EMS)-এর সফটওয়্যারের ওয়েবপোর্টালে প্রবেশ করতে হবে।
২. হোম পেইজের "College Login (Admin)" মেনুতে ক্লিক করে কলেজ কোড (××××) এবং পাসওয়ার্ড (××××××) দিয়ে প্রবেশ করতে হবে। কলেজ লগইন এডমিনের পাসওয়ার্ড ইতিমধ্যে সকল কলেজ কর্তৃপক্ষকে সরবরাহ করা হয়েছে।
৩. কলেজ পেনেলের বাম পাশের মেনুবার থেকে "Admit Card" মেনুতে ক্লিক করে "Select Exam" এ পরীক্ষার নাম বা কোড (2202-Bachelor Degree Honours Part-2) লিখে "Search" বাটনে ক্লিক করলে "Admit Card By Subject" টেবিলে প্রবেশপত্র, হাজিরা শীট, রোল বিবরণী শীট পাওয়া যাবে এবং এগুলো ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করতে সমস্যা হলে নিম্নে উল্লেখিত প্রতিনিধিদের সাথে যোগাযোগ করতে হবে।

১। এস এম তানভীর সিদ্দীকি ০১৭০৩-৭২৫৮১৮
২। মোঃ মোক্তাদিরুল ইসলাম (রাজু)-০১৬০৯-৬০৫৪৯৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ই-মেইল ঃ controller@nu.ac.bd